

- ১। নেপাল ত্রিভুবন আন্তর্জাতিক বিমান বন্দর, কাঠমান্ডু থেকে আগমনকালীণ ভিসা (অন এয়ারাইভাল/পোর্ট এন্ট্রি ভিসা) প্রদান করে।
- ২। নেপাল দূতাবাস থেকে ভিসা পাওয়ার জন্য নিম্নে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে :
 - ক) ভিসা আবেদনপত্র জমা নেওয়া হয় প্রতি রবিবার হতে বৃহস্পতিবার সকাল ৯:৩০ মিঃ হইতে ১১:৩০ মিঃ পর্যন্ত। সদ্যতোলা পাসপোর্ট সাইজ ছবি এবং আবেদনকারীর স্বাক্ষর সহ শুধুমাত্র বৈধ পাসপোর্টধারী এবং সম্পূর্ণরূপে আবেদনপত্র পূরণকারীদের নিকট থেকে পাসপোর্ট জমা নেয়া হবে।
 - খ) ভিসা ডেলিভারি সময় প্রতি কার্যদিবস-এ দুপুর ৩.০০ হইতে ৩.৪৫ মিঃ পর্যন্ত।
- ৩। ভিসা আবেদনপত্র বিনামূল্যে নেপাল দূতাবাস থেকে প্রতি কার্যদিবস-এ সকাল ৯:০০ হইতে ১০:৩০ পর্যন্ত সংগ্রহ করা যাবে।
- ৪। নেপালী ভিসার জন্য নিম্নে বর্ণিত কাগজ পত্রাদী আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে :
 - ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি এবং পাসপোর্টের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধনের ফটোকপি।
 - খ) “ব্যবসায়িক” পাসপোর্টধারীদের জন্য : ট্রেডলাইসেন্স এর ইংরেজী অনুবাদ এবং নোটারীকৃত কপির মূলকপি এবং বাংলা ট্রেডলাইসেন্স এর ফটোকপি এবং বিজনেস কার্ড জমা দিতে হবে। (বাংলা ট্রেডলাইসেন্স এর মূলকপি সঙ্গে আনতে হবে)।
 - গ) “চাকুরীজীবী” পাসপোর্টধারীদের জন্য : অফিসিয়াল প্রত্যয়ন পত্র/ট্রেডলাইসেন্স এর ইংরেজী অনুবাদ এবং নোটারীকৃত কপির মূলকপি এবং বাংলা ট্রেডলাইসেন্স এর ফটোকপি, বিজনেস কার্ড এবং পরিচয় পত্র জমা দিতে হবে।
 - ঘ) “ছাত্র” পাসপোর্টধারীদের জন্য : বৈধ পরিচয়পত্রের এবং সর্বশেষ প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত কপি অথবা কলেজ/বিশ্ববিদ্যালয়ের প্রত্যয়নপত্র/সুপারিশপত্র জমা দিতে হবে।
 - ঙ) “গ্রুপ” ভিসার জন্য : পাসপোর্ট নম্বরের তালিকা অফিস কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত অফিসিয়াল লেটারহেড-এ থাকতে হবে। আবেদন করার পূর্বে ফ্যাক্স অথবা ই-মেইল করতে হবে।
 - চ) “সকল” ভিসার জন্য : প্রয়োজনবোধে নেপাল যাওয়া আসার কনফার্ম বিমান টিকিটের ফটোকপি লাগবে।

- ৫। টেলিফোনে কোন ধরনের ভিসা তথ্য প্রদান করা হবে না। অন্যান্য তথ্যের জন্য প্রতি রবিবার থেকে বৃহস্পতি পর্যন্ত সকাল ৯:০০-১০:০০ এর মধ্যে ভিসা ডেস্কে যোগাযোগ করতে হবে।
- ৬। ক) সার্কভূক্ত দেশের নাগরিকদের জন্য একই বছরের প্রথম ভিসার জন্য কোন প্রকার ফি প্রদান করতে হবে না। একই বছরের দ্বিতীয় ভিসার জন্য ভিসা ফি প্রদান করতে হবে।
- খ) সার্কভূক্ত দেশ ব্যতিত অন্যান্য সকল বিদেশী নাগরিকদের ভিসা ফি প্রদান করতে হবে।

স্টিকার ভিসা ফি :

- ক) ১৫ দিনের মাল্টিপল ভিসার জন্য ২২০০.০০ টাকা ফি প্রদান করতে হবে।
- খ) ৩০ দিনের মাল্টিপল ভিসার জন্য ৩৫০০.০০ টাকা ফি প্রদান করতে হবে।
- গ) ৯০ দিনের মাল্টিপল ভিসার জন্য ৯০০০.০০ টাকা ফি প্রদান করতে হবে।
- ৭। যেকোন ধরনের তথ্যের জন্য ভিজিট করুন- www.nepembassy-dhaka.org. যেকোন তথ্য অথবা সহযোগিতার জন্য অনুগ্রহ করে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করুন (রবি থেকে বৃহস্পতি সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত) এই টেলিফোন নম্বরে: +৮৮০২-৯৮৯২৫৬৮/ +৮৮০২-৯৮৯২৪৯০, ফ্যাক্স: +৮৮০২-৯৮৪৬৪০১ অথবা ইমেইল করুন এই ঠিকানায়: eondhaka@dhaka.net

বিঃ দ্রঃ নেপাল দূতাবাস ঢাকা, বাংলাদেশ থেকে শুধুমাত্র ভ্রমণ ভিসা প্রদান করা হয়।

নেপাল দূতাবাস
ঢাকা, বাংলাদেশ।